

আমরা জনগণের পক্ষে

বাংলাদেশ প্রতিদিন

আপডেট : ১২ জুন, ২০২২ ০০:০০

পাচার অর্থ ফেরতে প্রস্তাব বেআইনি

ড. মোহাম্মদ ফরাসউদ্দিন



বাজেটে কর পরিশোধের মাধ্যমে পাচার হওয়া অর্থ ফিরিয়ে আনার প্রস্তাব বেআইনি ও অনৈতিক বলে মন্তব্য করেছেন বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন। তিনি বলেছেন, প্রস্তাবিত বাজেটে বিত্তবান, ব্যবসায়ী, মুনাফাভোগী ও অর্থ পাচারকারীদের স্বার্থ দেখা হয়েছে। মুদ্রা পাচারকারী দেশদ্রোহীদের অর্থ দেশে ফিরিয়ে আনার যে সুযোগ দেওয়া হয়েছে, যা কোনোভাবেই সমর্থন করা যায় না। অর্থমন্ত্রীকে এ বাস্তবতা অনুধাবন করতে হবে। গতকাল এফডিসিতে ডিবেট ফর ডেমোক্র্যাসি আয়োজিত ‘শ্রীলঙ্কার সংকট উত্তরণে করণীয়’ শীর্ষক ছায়াসংসদ বিতর্ক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন ড. মোহাম্মদ ফরাসউদ্দিন। সংগঠনটির পাঠানো প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য উল্লেখ করা হয়েছে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডিবেট ফর ডেমোক্র্যাসির চেয়ারম্যান হাসান আহমেদ চৌধুরী কিরণ। ড. মোহাম্মদ ফরাসউদ্দিন বলেন, দেশের অর্থনীতিতে অভিবাসীদের অবদান বিবেচনায় তাদের প্রতি আরও সদয় হতে হবে। রেমিট্যান্সের ওপর ২ দশমিক ৫ শতাংশ প্রণোদনার সুযোগে মানি লন্ডারিংয়ের সঙ্গে জড়িতরা উপকৃত হচ্ছে। বাংলাদেশে মেগা প্রকল্পের জন্য যে ঋণ নেওয়া হয়েছে আগামী তিন বা চার বছর পর কয়েকটি প্রকল্পের ঋণ পরিশোধ করতে হবে। এ ঋণ পরিশোধে পর্যাপ্ত প্রস্তুতি না থাকলে সামগ্রিক অর্থনীতিতে নেতিবাচক প্রভাব পড়তে পারে। বাংলাদেশের জনগণ শ্রীলঙ্কার মতো এ দেশে কোনো শ্বেতহস্তী প্রকল্প হতে দেবে না। আমাদের অবস্থা কখনো শ্রীলঙ্কার মতো হবে না। বাংলাদেশে অর্থনীতি স্থিতিশীল রাখার ক্ষেত্রে প্রধানমন্ত্রী শেখ হাসিনা যে দক্ষতার পরিচয় দিয়েছেন, শ্রীলঙ্কার রাজনৈতিক নেতৃত্ব তা পারেনি।

হাসান আহমেদ চৌধুরী কিরণ বলেন, এবারের বাজেটে পাচারকৃত অর্থ দেশে ফিরিয়ে আনার লক্ষ্যে যে সুযোগ দেওয়া হচ্ছে এর অপব্যবহার যাতে না হয় সেদিকে খেয়াল রাখতে হবে। পাচারের অর্থ মানুষের হক উল্লেখ

করে অর্থমন্ত্রী যে মন্তব্য করেছেন, তাতে দুষ্কৃতকারীরা যাতে প্রশ্রয় না পায় সেদিকে লক্ষ রাখতে হবে। এত সামান্য করে মাধ্যমে পাচারকারীদের অর্থ দেশে ফিরিয়ে আনার সুযোগ সৎ করদাতাদের নিরুৎসাহিত করবে। বিতর্ক প্রতিযোগিতায় শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়কে পরাজিত করে স্টামফোর্ড ইউনিভার্সিটি বাংলাদেশের বিতর্কিত বিজয়ী হন। ডিবেট ফর ডেমোক্র্যাসির আয়োজনে প্রতিযোগিতায় বিচারক ছিলেন ড. এস এম মোর্শেদ, সাংবাদিক ড. শাকিলা জেসমিন, সাংবাদিক উম্মান নাহার আজমী ও সাংবাদিক আরিফুর রহমান। প্রতিযোগিতা শেষে অংশগ্রহণকারী দলের মধ্যে ট্রফি ও সনদপত্র বিতরণ করা হয়। প্রতিযোগিতাটি আয়োজনে পৃষ্ঠপোষকতা করেছে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক।